যুগান্তর

FEB. 17 20..

তারিখ ..................
পৃষ্ঠা 7 কলাম 4

# চবিতে প্রতি আসনে ভর্তিচ্ছু ১৬ জন

চট্টগ্রাম ব্যুরো

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ২০০১-২০০২ শিক্ষাবর্ষে ২ হাজার ৭১৮ আসনের জন্য ৪৩ হাজার ভর্তি ফরম জমা পড়েছে। প্রতি আসনে গড়ে ১৬ জন ভর্তিচ্ছু প্রতিদ্বন্দ্বিতা করছে। আগামী ১৮ মার্চ থেকে ভর্তি পরীক্ষা শুরু হবে।

গতকাল শনিবার ভর্তি ফরম জমাদানের সময়সীমার শেষ দিনে এ তথ্য জানা যায়। মোট পাঁচটি অনুষদের অধীনে ৭টি ইউনিটে ভাগ করে এ ফরম বিক্রি করা হয়।

মোট জমাকৃত ফরমের মধ্যে রয়েছে ক (বিজ্ঞান) ইউনিটে ৮৮৯ আসনের বিপরীতে ১১ হাজার ৫৭০, খ (কলা) ইউনিটে ৮৩১ আসনের জন্য ৭ হাজার ৩২১, গ (বাণিজ্য) ইউনিটে ৪৫৩ আসনের জন্য ১৭ হাজার ৬৯৬, ঘ (সমাজবিজ্ঞান) ইউনিটে ৪৮৯ আসনের জন্য ৬ হাজার ১০৫টি, ঙ (আইন) ইউনিটে ১১৬ আসনের জন্য ৪ হাজার ৪২৩টি, চ (ফরেস্টি) ইউনিটে ৬৩ আসনের জন্য ১৭৫ এবং ছ (সামুদ্রিক বিজ্ঞান) ইউনিটে ৬২ আসনের জন্য ৮৪৮টি।